কালের কণ্ঠ

তারিখ ... 27 JUN 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# নতুন কাঠামোতেই এমপিওভুক্ত শিক্ষকদের বোনাস

নিজস্ব প্রতিবেদক ▷

অষ্টম বেতন কাঠামোতেই এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা ঈদের উৎসব ভাতা পাচ্ছেন। এরই মধ্যেই প্রায় সব কাজ সম্পন্ন হয়েছে। আজ সোমবার শিক্ষকদের উৎসব ভাতার ২৪১ কোটি ৪১ লাখ ৮৮ হাজার ৯৮৫ টাকার চেক ছাড় হবে বলে জানিয়েছেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তরের কর্মকর্তারা।

জানা যায়, ব্যাংকে চেক যাওয়ার এক-দুদিন পর থেকে শিক্ষকরা টাকা তুলতে পারেন। ঈদের আগে মাত্র চার কার্যদিবস ব্যাংক খোলা রয়েছে। সেই হিসেবে আজ চেক পাঠানো হলে দুই দিন টাকা তোলার সুযোগ পাবেন শিক্ষকরা। তবে যেসব শিক্ষক-কর্মচারীর বাড়ির কাছাকাছি কোনো ব্যাংক নেই তাঁদের অনেকেই ঈদের আগে টাকা তুলতে সমস্যায় পড়বেন। গতকাল রবিবার সকালে নতুন স্কেলে উৎসব ভাতা দেওয়ার প্রস্তাব অনুমোদন করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।